

৫০১৯



বাংলাদেশ ব্যাংক
 (সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
 মতিঝিল, ঢাকা-১০০০
 বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব কারেসী ম্যানেজমেন্ট
 (ইন্স্যু হিসাব শাখা)

ডিসিএম সার্কুলার লেটার নং-০২/২০২৪

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩১
২১ এপ্রিল ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
 বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ছেঁড়া-ফাটা, ময়লাযুক্ত নোট গ্রহণের মাসিক বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ২২/০৮/২০০৫ তারিখের সার্কুলার লেটার নং- ইহিশা:২৩(পলিসি)/২০০৫-৩৪৫,
 ২২/০১/২০১৯ তারিখের পত্র নং- ইহিশা:২৩(পলিসি-তফসিলি)/২০১৯-৩৬৩ এবং ২২/০৬/২০২১ তারিখের পত্র নং-
 ইহিশা:১১৪/২০২১-২২২৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার লেটার এবং পত্রসমূহের প্রেক্ষিতে তফসিলি ব্যাংকগুলোর শাখাসমূহ কর্তৃক ছেঁড়া-ফাটা, ময়লাযুক্ত নোট
 গ্রহণের মাসিক বিবরণী প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

- (ক) ব্যাংকের সকল শাখা কর্তৃক জনসাধারণের নিকট হতে ছেঁড়া-ফাটা, ময়লাযুক্ত নোট গ্রহণের প্রতি মাসের একীভূত
 বিবরণীর শুধুমাত্র সফ্টকপি (Excel ফরম্যাটে) এবং ফরওয়ার্ড লেটারের ক্ষ্যান কপি (pdf ফরম্যাটে) ইমেইল মারফত
 (gm.dcm@bb.org.bd এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের ইমেইলে) ব্যাংকের প্রধান কার্যালয় কর্তৃক পরবর্তী মাসের ২৮
 তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।
- (খ) ব্যাংকের ঢাকা অঞ্চলের বাইরের শাখাসমূহের অনুরূপ বিবরণী সংশ্লিষ্ট অঞ্চলে অবস্থিত বাংলাদেশ ব্যাংকের কার্যালয়ে
 যথাযীতি প্রেরণ করতে হবে।

০৩। উপরে বর্ণিত সার্কুলার লেটার এবং পত্রসমূহের অপরাপর নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বাস্ত,

(মোঃ মোকসুন্দুজ্জামান)
 পরিচালক(ডিসিএম)
 ফোন: ৯৫৩০০৯০